# বুলুগুল মারাম

## হাদিস নাম্বারঃ ৮৩৮

পর্ব - ৭ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩. সুদ - এক পণ্যের সাথে অন্য পণ্য মিলিত থাকাবস্থায় লেনদেনের বিধান

### আরবী

وَعَنْ فَضَالَةَ بْنِ عُبَيْدٍ ـ رضي الله عنه ـ قَالَ: اشْتَرَيْتُ يَوْمَ خَيْبَرَ قِلَادَةً بِاثْنَيْ عَشَرَ دِينَارًا, فِيهَا ذَهَبٌ وَخَرَزٌ، فَفَصَلْتُهَا فَوَجَدْتُ فِيهَا أَكْثَرَ مِنِ اثْنَيْ عَشَرَ دِينَارًا, فَذَكَرْتُ ذَلِكَ لِلنَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ فَقَالَ: «لَا تُبَاعُ حَتَّى تُفْصَلَ». رَوَاهُ مُسْلِمٌ

صحيح. رواه مسلم (1591) (90)

### বাংলা

৮৩৮. ফুযালাহ বিন ’উবাইদ থেকে বর্ণিত, তিনি বলেন, খায়বার বিজয়ের (ঐতিহাসিক) দিবসে আমি একখানা হার বারো দিনারের বদলে খরিদ করেছিলাম। তাতে সোনা ও ছোট দানা বা পুতি (মূল্যবান পাথর) ছিল। ঐগুলোকে আমি পৃথক করে খুলে ফেলায়[1] তাতে আমি বারো দিনারের অধিক (সোনা) পেলাম। এ সংবাদ আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দিলাম। তিনি বললেন, এটিকে খোলার পূর্বে বিক্রয় করা যাবে না।[2]

### ফুটনোট

[1] অর্থাৎ আমি সোনাকে এক পার্শ্বে এবং নাগিনা (মূল্যবান পাথর) কে এক জায়গায় রাখলাম।

[2] মুসলিম ১৫৯১, নাসায়ী ৪৫৭৩, ৪৫৭৪, আবূ দাউদ ৩৩৫১, ৩৩৫২, ৩৩৫৩, আহমাদ ২৩৪২১, ২৩৪২২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ ফাযালা বিন উবাইদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70649

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন